Ex/BANGLA/PG/1.54/2024

# কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## ( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

## বাংলা

## কোর্স : পি.জি. - ১.৫৪

## সাহিত্য ও ইতিহাস ঃ উনিশ শতক

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের। ১০×৩ = ৩০

১. চিরস্থায়ী বন্দোবস্তের ওপর আধুনিক বঙ্গসমাজের ভিত তৈরি হয়েছে। — এই মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত জানাও।

২. কী কী বৈশিষ্ট্যে তুমি বাংলা আধুনিক সাহিত্যকে তার আগের পর্বের সাহিত্য থেকে পৃথক করবে? তুমি কি মনে করো এই দুই পর্বের সাহিত্যের মধ্যে কোনো ধারাবাহিকতা আছে? না কি এক পূর্ণছেদ আছে বলেই তোমার মনে হয়?

৩. উনিশ শতকের বাংলার পরিবর্তনকে অনেকে 'নবজাগরণ' বলেন, অনেকেরই তাতে একাধিক আপত্তি। এই দুই পক্ষের কোন্ মত তোমার কাছে গ্রহণযোগ্য? এই 'জাগরণ'-এর উপমাকেই বা তুমি কীভাবে দেখো?

৪. 'ইতিহাস'-এর কাছে বঙ্কিমচন্দ্রের প্রত্যাশা ঠিক কী ছিল ও কেন ছিল তা জানিয়ে সে বিষয়ে মন্তব্য করো।





৫. অতীত ইতিহাস ও সমকালীন রাজনৈতিক ঘটনা বিষয়ে উনিশ শতকের বাঙালি মনীষার অবস্থান সম্পর্কে তোমার মতামত মন্তব্যসহ আলোচনা করো।

৬. বাংলার ইতিহাস ও বাংলা সাহিত্যের ইতিহাসের প্রচলিত যুগ-বিভাগ তোমাকে কীভাবে ভাবায়? এ বিষয়ে তোমার ভাবনা জানাও।

৭. কোনো সাহিত্যের ইতিহাসের কাছে তুমি ঠিক কী আশা করো? সেই নিরিখে উনিশ শতকে রচিত বাংলা সাহিত্যের ইতিহাসগুলির মধ্যে কোনটি তোমার বেশি পছন্দ? ১০

★ ★ ★